

ক্যাম্পেলটাউন ইসলামিক সেন্টারের জন্য

১,৭৫,০০০ ডলার সংগ্রহিত



ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য অন্ত্রিলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ২ৱা অক্টোবর ২০১০ অত্যন্ত সফল ফাউনেইজিং ডিনার পার্টি সম্পন্ন হয়েছে। বৃহত্তর ক্যাম্পেলটাউন এলাকায় মুসলমান সম্প্রদায়ের ক্রমবর্ধমান প্রয়োজনীয়তা পূরণের লক্ষ্যে সম্প্রতি সিডনীর সাউথ ওয়েষ্ট এলাকার ইঁড়েলবার্ন ও মিন্টুর কর্ণারে মসজিদ, কমিউনিটি হল, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়ামসহ একটি আতিকুর রহমান || অন্ত্রিলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ২ৱা অক্টোবর ২০১০ অত্যন্ত সফল ফাউনেইজিং ডিনার পার্টি সম্পন্ন হয়েছে। বৃহত্তর ক্যাম্পেলটাউন এলাকায় মুসলমান সম্প্রদায়ের ক্রমবর্ধমান প্রয়োজনীয়তা পূরণের লক্ষ্যে সম্প্রতি সিডনীর সাউথ ওয়েষ্ট এলাকার ইঁড়েলবার্ন ও মিন্টুর কর্ণারে মসজিদ, কমিউনিটি হল, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়ামসহ একটি আতিকুর রহমান || অন্ত্রিলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ২ৱা অক্টোবর ২০১০ অত্যন্ত সফল ফাউনেইজিং ডিনারের আয়োজন করেছিল। সিডনীর ব্যাংকস্টাউনস্থ Fontana Di Trevi Hall এ সন্ধ্যায় আনুষ্ঠানিকভাবে ডিনার পার্টি শুরু হয়। শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সহ সভাপতি মোহাম্মদ আলাউদ্দিন। জনাব আলাউদ্দিন শুভেচ্ছা বক্তব্যে ক্রয়কৃত জমির ১০% ডিপোজিট বাদে বাকী ৯০% মূল্য আগামী নভেম্বর মাসের মধ্যে পরিশোধ করা লক্ষ্যে আয়োজিত ডিনার পার্টিতে আগত সকল বাংলাদেশী ও বিভিন্ন দেশের অতিথিদের এ প্রকল্পে আর্থিকসহ বিভিন্ন সহযোগিতা কামনা করেন। ডিনার পার্টির প্রধান স্পন্সর Muslim Community Co-operative Association (MCCA) এর পক্ষ থেকে বক্তব্য রাখেন ড. আবুল খায়ের জালাল উদ্দিন। সিডনীর সাউথ ওয়েষ্ট এলাকায় ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার প্রয়োজনীয়তাসহ এ প্রকল্পের বর্তমান ও ভবিষ্যত পরিকল্পনা প্রজেক্টের মাধ্যমে অতিথিদের সামনে উপস্থাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। ড. আফছার জানান, ইসলামিক সেন্টার প্রকল্পের প্রথম ধাপ হচ্ছে জমি ক্রয় এবং পরবর্তী ধাপ হচ্ছে একটি মসজিদ প্রতিষ্ঠা করা। প্রথম ধাপের জন্য এ যাবত সংগৃহীত (ফাউনেইজিং ডিনার থেকে সংগৃহীত ব্যতীত) অর্থের পরিমাণ হচ্ছে A\$3,00,000। জমির মূল্য অতি সত্ত্বর পরিশোধের জন্য সকলের প্রতি সহযোগিতার প্রত্যাশা করেন। অনুষ্ঠানের মূল আর্কন প্রধান বক্তা ল্যাকেছ্বা বড় মসজিদের পেশ ইমাম ও বিশিষ্ট আলেম Sheikh Yahya Safi ইসলামিক দৃষ্টিকোণ থেকে ডোনেশনের গুরুত্ব অত্যন্ত



সুন্দরভাবে ব্যাখ্যা করেন। তার বক্তব্য অতিথিবৃন্দ অত্যন্ত মনোযোগ সহকারে শোনেন। Sheikh Yahya Safi এর বক্তব্যের পর ডিনারের জন্য অনুষ্ঠানের বিরতি দেয়া হয়। ডিনারের পর ফাউন্ডেশন রাইজিং পর্ব শুরু হয়। এ পর্ব পরিচালনা করেন মিন্টু মসজিদের অন্যতম প্রতিষ্ঠাতা ও সাবেক ইমাম শেখ রেদোয়ান। শেখ রেদোয়ান তার স্বতাবসুলভ বক্তব্যের মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষন করে। আগত অতিথিদের কাছ থেকে Donation Commitment এর পরিমাণ ছিল আশাত্তিরিক। আকর্ষণীয় ইসলামিক দেয়াল চিত্র, পবিত্র কোরআন শরিফ, জুয়েলারী, ঘড়িসহ বিভিন্ন সামগ্রীর সমন্বয়ে ছিল Auction এর পর্ব। পর্বটি পরিচালনা করেন অত্যন্ত দক্ষ Auctioner Mr. Mahmud। ফাউন্ডেশন রাইজিং ডিনার পার্টির সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন MCCA এর ডাইরেক্টর Mr. Chabaan Omran। অত্যন্ত সফল ফাউন্ডেশন রাইজিং ডিনার পার্টি থেকে Donation Commitment, Auction এবং টিকিট থেকে সর্বমোট সংগৃহের পরিমাণ প্রায় A\$1,75,000। সবশেষে সংগঠনের সভাপতি জনাব মোফাজ্জল ভুইয়া আগত সকলকে ধন্যবাদ জানিয়ে ফাউন্ডেশন ডিনার অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন এবং মোনাজাত করেন। উল্লেখ্য, সর্বমোট A\$875,000 ডলার সংগ্রহের পরও আগামী নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে জমির সেটেলমেন্টের জন্য এখন প্রায় A\$3,00,000 ডলার সংগ্রহ করতে হবে। এ লক্ষ্যে আগামী ৭ নভেম্বর মিন্টো পুলিশ সিটিজেন কমিউনিটি ক্লাবে আরেকটি ফাউন্ডেশন রাইজিং ডিনার পার্টির আয়োজন করা হয়েছে। সংগঠনের সাধারণ সম্পাদক ড. আনিতুল আফছার ফাউন্ডেশন রাইজিং ডিনার পার্টিতে অংশগ্রহণ করে ইসলামিক সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য সকলের সহযোগিতার আহ্বান জানিয়েছেন।

অন্তেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার প্রতিষ্ঠার পর থেকেই লাইলাতুল কদর, শ'বে মেরাজ, ঈদুল ফিতর ও ঈদুল আজহার জামাত, শরীয়ত মোতাবেক সহীহ কুরবানীর ব্যবস্থা, ঈদে মিলাদুন্নবী, সলিমুল্লাহ এতিমখানা ও আঙ্গুমান মফিদুল ইসলামে জাকাত ও ফিতার অর্থ প্রদান, ক্যাম্পেলটাউন হসপিটালে ভ্রাইল চেয়ার প্রদানসহ বিভিন্ন কর্মসূচীগুলি পালন করে আসছে। নতুন প্রজন্মদের জন্য একটি মসজিদ ভিত্তিক ইসলামিক সেন্টার কমপ্লেক্স তৈরীর জন্য দ্রুত জমির বাকী অর্থ দ্রুত পরিশোধের নিমিত্তে কমিউনিটির বিভিন্ন স্তর থেকে আন্তরিক সহযোগিতা ও সাহায্য কামনা করেছেন সংগঠনের কর্মকর্তারা।